# ২০২১

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাধারণ

**পত্র : GE/CC-4**

**(বাংলা কথাসাহিত্য ও প্রবন্ধ)**

**পূর্ণমান - ৬৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) " 'পল্লীসমাজে'র সামাজিক আদর্শ বিকৃতির মাঝে সুস্থ, সতেজ ভাবের প্রতীক বিশ্বেশ্বরী।"— আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসে প্রতিফলিত আর্থ-সামাজিক ও রাজনৈতিক চেতনা বিশ্লেষণ করো। ১০

২। (ক) 'না' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'হারানের নাতজামাই' গল্পের ময়নার মা মূল কাহিনির ভাবধারাকে নিয়ন্ত্রণ করেছে। — আলোচনা করো। ১০

৩। (ক) "স্বাজাত্যের অহমিকা থেকে মুক্তিদান করার শিক্ষাই আজকের দিনের প্রধান শিক্ষা"— 'শিক্ষার মিলন' প্রবন্ধটি অবলম্বনে রবীন্দ্রনাথের এই মন্তব্যটির গুরুত্ব বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'মেঘদূত' নিবন্ধে প্রাচীন ভারতের যে শোভা রবীন্দ্রনাথের ভাষায় বর্ণিত হয়েছে তা নিজের ভাষায় পুনর্গঠিত করো। ১০

৪। (ক) "মানুষ খাঁটি কিনা চেনা যায় টাকার সম্পর্কে।"— কার উক্তি? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

*অথবা,*

(খ) 'রমেশ একটা আদর্শের প্রতীক।'— তোমার অভিমত অনুসারে এই আদর্শের বর্ণনা দাও। ৫

৫। (ক) 'পুঁইমাচা' শব্দবন্ধটির আক্ষরিক ও অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩

*অথবা,*

(খ) 'ছিন্নমস্তা' গল্পে বৌ-বরণ-এর প্রস্তুতির সংক্ষিপ্ত বিবরণ দাও। ৫

৬। (ক) 'কেকাধ্বনি' প্রবন্ধ অবলম্বনে কেকাধ্বনি ও কুহুস্বরের পার্থক্য বিচার করো। ৫

*অথবা,*

(খ) 'মেঘদূত' প্রবন্ধ অবলম্বনে 'মনুষ্যত্বের নিবিড় ঐক্য' বুঝিয়ে দাও। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) দুধপুকুর

(খ) তেভাগা আন্দোলন

(গ) রামমোহন রায়।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসটি কত সালে রচিত হয়েছিল?

(খ) বেণী ঘোষালের পরিচয় দাও।

(গ) "রমা জিজ্ঞাসা করিল, বাড়িতে তখন কি কেউ ছিল না?" রমা কাকে জিজ্ঞাসা করেছিল?

(ঘ) "বুড়ো একটুখানি হাসিয়া কহিল, আর বুকের পাটা!" বুড়োর পরিচয় দাও।

(ঙ) 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধটি রবীন্দ্রনাথের কোন গ্রন্থ থেকে গৃহীত?

(চ) 'শিক্ষার মিলন' প্রবন্ধ রচনার পটভূমিতে কোন ঐতিহাসিক আন্দোলনের প্রভাব আছে?

(ছ) 'মেঘদূত' প্রবন্ধে বৈষ্ণব কবির পদের উল্লেখ আছে— কোন কবি? কোন পদ?

(জ) 'গীতগোবিন্দ' ও 'কুমারসম্ভব'-এর মধ্যে কোনটি অধিকতর মিষ্ট বলে রবীন্দ্রনাথ মনে করেছেন?

(ঝ) "একবার ভুক্‌ভুকিয়া ফেলে দেখনারে"— 'ভুক্‌ভুকিয়া' শব্দের অর্থ কী?

(ঞ) "কিসের ভাবনা লো কিসের ভাবনা,
স্বগ্‌গ এমন ঠাঁই করেছে ঘরে।"
— এই গানটি কে গেয়েছিল?

(ট) রেখা হাসল, 'তোমায় চান্স দিচ্ছি'— রেখা কাকে চান্স দিতে চেয়েছিল?

(ঠ) "এই এভাবে হাঁটলে পথেই বৃষ্টি নামবে"— অন্তর্নিহিত অর্থ লেখো।

(ড) "মাচা হইতে বাহির হইয়া দুলিতেছে ... সুপুষ্ট, নধর, প্রবর্ধমান জীবনের লাবণ্যে ভরপুর"— কী বিষয়ে এই কথাগুলি বলা হয়েছে?

(ঢ) "ব্রজরাণীর চোখ দিয়া ঝর্‌ঝর্ করিয়া জল ঝরিয়া পড়িল" — ব্রজরাণী কে?

(ণ) হারানের নকল এবং আসল নাতজামাইদের নাম দু-টি লেখো।

২০২১

চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাধারণ

পত্র : SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) অতিমারী পরিস্থিতি আঘাত হানছে মানুষের মনে, বাড়ছে মানসিক সঙ্কট।— বিষয়টি নিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

*অথবা,*

(খ) বই পড়ার ভবিষ্যৎ কী— এই বিষয় নিয়ে একজন খ্যাতিমান সাহিত্যিকের সঙ্গে তোমার একটি কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো। ১০

২। (ক) একজন ভালো অনুবাদকের অনুবাদকর্মে কোন কোন দিকে দৃষ্টি রাখা উচিত তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

*অথবা,*

(খ) একটি ম্যাগাজিনে কোনো পর্যটন সংস্থার পক্ষ থেকে দেওয়া শারদ শুভেচ্ছাসহ বিজ্ঞাপনের বয়ানটি রচনা করো। ১০

৩। (ক) একটি গবেষণাকর্মে পরম্পরাসূত্রে সংঘটিত বিভিন্ন পর্যায়গুলির সংক্ষেপে পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) কপিরাইট আইন কী? এই আইনের বিভিন্ন ধারাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) ব্যক্তিগত পত্র কাকে বলে? এই ধরনের পত্রের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।

(খ) একজন নামী খেলোয়াড়ের সাক্ষাৎকার নেওয়ার জন্য তুমি কীভাবে প্রস্তুতি নেবে?

(গ) দূরদর্শনে একটি নামী সংস্থার কলমের বিজ্ঞাপন ছবিসহ পরিবেশিত হবে। তার জন্য অনধিক ৫০টি (পঞ্চাশটি) শব্দের মধ্যে একটি বিজ্ঞাপনী বয়ান প্রস্তুত করো।

(ঘ) একজন বিজ্ঞাপন রচনাকারীকে যে-কোনো মাধ্যমে বিজ্ঞাপন রচনার সময়ে কোন কোন দিকে জোর দিতে হয়?

(ঙ) টীকা লেখো — ভাবানুবাদ।

(চ) টীকা লেখো — গ্রন্থপঞ্জি।

(ছ) তোমাদের পাড়ায় একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। বিষয়টি জানিয়ে স্থানীয় কোনো বিশিষ্ট নাগরিককে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবার জন্য সংক্ষিপ্ত আমন্ত্রণপত্র লেখো।

(জ) ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করো।

After Mini had gone away, Rahamat sat down with a heavy sigh. All on a sudden it occurred to him clearly that his own daughter must have grown up so much by this time and that he would have to be acquainted with her anew. He also felt he would not find her exactly as before. And who knows what might have happened to her during these eight years.

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) ব্যক্তিগত চিঠিপত্র সাহিত্যগ্রন্থের মর্যাদা লাভ করেছে এমন একটি সঙ্কলন গ্রন্থের নাম লেখক-নামসহ উল্লেখ করো।

(খ) প্রত্যক্ষ উপস্থিতি না থেকেও কীভাবে একটি সাক্ষাৎকার নেওয়া সম্ভব?

(গ) 'খোলা চিঠি' কাকে বলে?

(ঘ) কোনো প্রতিবেদনের শিরোনামের যে-কোনো দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(ঙ) মুদ্রিত আকারে ছাড়া অন্য কোন পন্থায় প্রতিবেদন পরিবেশিত হতে পারে?

(চ) ইংরেজি থেকে বাংলা ভাষায় অনূদিত কোনো একটি সাহিত্যগ্রন্থের অনূদিত সংস্করণের নাম অনুবাদকের নামসহ উল্লেখ করো।

(ছ) ইংরেজিতে ক্রিয়া (verb) বাক্যের কোথায় বসে?

(জ) বর্তমান সময়ে বেতার, দূরদর্শন, চলচ্চিত্র ব্যতীত বিজ্ঞাপন দেওয়ার জন্য আর একটি বৈদ্যুতিন মাধ্যমের উল্লেখ করো।

(ঝ) ছাপা মাধ্যম ও বৈদ্যুতিন মাধ্যমের বিজ্ঞাপনের মধ্যে যে-কোনো দু-টি পার্থক্যের উল্লেখ করো।

(ঞ) অনুবাদের সঙ্গে রূপান্তরের পার্থক্য কী?

(ট) রবীন্দ্রনাথ ঠাকুর-কৃত গীতাঞ্জলির ইংরেজি অনুবাদটির নাম কী?

(ঠ) গবেষণায় উৎস নির্দেশের দু-টি কারণ উল্লেখ করো।

(ড) গবেষণায় নামপত্রে কী কী থাকে?

(ঢ) 'সংস্করণ তথ্য' বলতে কী বোঝো?

(ণ) 'পাদটীকা' কাকে বলে?

(ত) 'বক্রলেখ' (italics) প্রয়োগের একটি কারণ উল্লেখ করো।

(থ) 'ক্ষেত্রসমীক্ষা' বলতে কী বোঝো?

(দ) গবেষণাকর্মে তথ্য সংগ্রহের জন্য দু-টি উৎসের উল্লেখ করো।

(ধ) গবেষণাকর্মে 'নির্ঘন্ট প্রণয়ন' কাকে বলে?

(ন) গবেষক তাঁর লেখায় কোথাও দীর্ঘ অংশ উদ্ধৃত করলে সেখানে তিনি উদ্ধৃতি চিহ্নের পরিবর্তে কীভাবে তা চিহ্নিত করতে পারেন?

২০২১

চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাধারণ

পত্র : LCC (2) - 1

(বাংলা ভাষাবিজ্ঞান, সাহিত্যের রূপভেদ ও কাব্য)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) রেখাচিত্রের সাহায্যে বাংলা ভাষার শব্দভাণ্ডারের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) বাংলা শব্দার্থ পরিবর্তনের যে-কোনো দু-টি ধারা বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

২। (ক) পৌরাণিক নাটক বলতে কী বোঝায়? এই ধরনের নাটকের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে উল্লেখ করে একটি বাংলা পৌরাণিক নাটক বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ২+৩+৫

*অথবা,*

(খ) ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা নির্দেশ করে এই শ্রেণির উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সার্থক বাংলা ঐতিহাসিক উপন্যাস বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ২+৩+৫

৩। (ক) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গের নামকরণের সার্থকতা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। উদাহরণসহ সংজ্ঞা দাও।

(ক) শব্দের অর্থসংক্রম ৫

*অথবা,*

(খ) জোড়কলম শব্দ। ৫

৫। (ক) গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) উপন্যাস ও রোমান্সের পার্থক্য আলোচনা করো। ৫

**Please Turn Over**

৬। (ক) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গে বর্ণিত মেঘনাদের প্রমোদ-উদ্যানের সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৫

*অথবা,*

(খ) 'যাইব আপনি।
সাজ হে বীরেন্দ্রবৃন্দ, লঙ্কার ভূষণ!
দেখিব কি গুণ ধরে রঘুকুলমণি!
অরাবণ, অরাম বা হবে ভব আজি!'
— বক্তা কে? উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ১+৪

৭। (ক) বাংলা শব্দভাণ্ডারের অর্ধতৎসম শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বস্তুনিষ্ঠ বা তন্ময় প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো। ৫

*অথবা,*

(গ) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গে 'গাইব মা বীররসে ভাসি মহাগীত'— বাক্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) তদ্ভব শব্দ কাকে বলে?

(খ) দু-টি দেশি শব্দের উদাহরণ দাও।

(গ) 'মহাজন' শব্দটির অর্থের অপকর্ষ কীভাবে ঘটেছে লেখো।

(ঘ) অর্থের প্রসার বা সম্প্রসারণের একটি উদাহরণ দাও।

(ঙ) একটি মধ্যস্বরলোপের উদাহরণ দাও।

(চ) 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে আগত?

(ছ) মহাকাব্যের দু-টি প্রধান ভাগের উল্লেখ করো।

(জ) 'পোয়েটিকস্' গ্রন্থটির রচয়িতা কে?

(ঝ) একটি সার্থক বাংলা ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(ঞ) একটি সার্থক বাংলা সামাজিক উপন্যাসের নাম লেখো।

(ট) ছোটোগল্পের যে-কোনো দু-টি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(ঠ) সাহিত্য-সমালোচনামূলক রবীন্দ্রনাথ ঠাকুরের একটি গ্রন্থের নাম লেখো।

(ড) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গে উল্লিখিত ভগ্নদূতের নাম কী?

(ঢ) 'দশাননাত্মজ' শব্দটির অর্থ কী? তাঁর নাম লেখো।

(ণ) 'বাসবের চাপ' — কথাটির অর্থ কী?